যুগান্তর

তারিখ 02 FEB 2007
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# বিশ্ববিদ্যালয়ে মানসম্পন্ন শিক্ষা অপরিহার্য

—রাষ্ট্রপতি

বাসস

রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদ জাতির কল্যাণে ছাত্রছাত্রীদের মানসম্পন্ন শিক্ষা অপরিহার্য বলে উল্লেখ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি শিক্ষাদানে যত্নবান হওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশের ছয় সদস্যের একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতির সঙ্গে বঙ্গভবনে সাক্ষাৎ করতে এলে তিনি এই আহ্বান জানান। রাষ্ট্রপতি আরও বলেন, বর্তমান বিশ্ব খুবই প্রতিযোগিতাপূর্ণ এবং একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা করতে হলে বিপুল পরিমাণ দক্ষ মানবসম্পদ প্রয়োজন।

তিনি মেধা পাচার বন্ধের লক্ষ্যে মেধাবী ছাত্রছাত্রীদের মেধাকে দেশের সার্বিক উন্নয়নে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বিপুল সংখ্যক মেধাবী ছাত্রছাত্রী ও শিক্ষক বিদেশে উচ্চশিক্ষা লাভের পর দেশে ফিরে আসে না।

নর্দার্ন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শামসুল হকের নেতৃত্বে প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন এম আবু বকর সিদ্দিক, প্রফেসর ড. মোঃ আজহার উদ্দিন, প্রফেসর ড. মোঃ নূরুল ইসলাম, প্রফেসর ড. সদর উদ্দিন আহমেদ এবং প্রফেসর ড. এডব্লুএম আবদুল হক। রাষ্ট্রপতির সচিব মোঃ সিরাজুল ইসলাম এবং শিক্ষা সচিব মমতাজুল ইসলাম অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।